

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-১ অধিশাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)- ৮৪

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২২খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

সাধারণ আবেদনে জেলা ও উপজেলা থেকে জলমহাল ইজারা প্রাপ্তির লক্ষ্যে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। জলমহাল ইজারা জন্য অনলাইনে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করার পরিপ্রেক্ষিতে জেলা এবং উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪২৯ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(ক) জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একরের উর্জে বন্ধ সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	১০ থেকে ২৫ ফাল্গুনের মধ্যে	অনলাইনে আবেদন দাখিল।
২.	২৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিনি) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিটেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল।
৩.	০৫ চৈত্রের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিটেড কপি যাচাই-বাছাই।
৪.	১০ চৈত্রের মধ্যে	জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
৫.	১৫ চৈত্রের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিভাগীয় কমিশনার কর্তৃক অনুমোদন।
৬.	২০ চৈত্রের মধ্যে	জেলা প্রশাসক কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
৭.	২৫ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।
৮.	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।


(খ) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বন্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	১০ থেকে ২৫ ফাল্গুনের মধ্যে	অনলাইনে আবেদন দাখিল।
২.	২৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিনি) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিটেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
৩.	০৫ চৈত্রের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিটেড কপি যাচাই-বাছাই।
৪.	১০ চৈত্রের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন।
৫.	১৫ চৈত্রের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
৬.	২০ চৈত্রের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
৭.	২৫ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন।
৮.	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

২। বর্ণিত সিডিউল অনুযায়ী জেলা ও উপজেলা থেকে সাধারণ আবেদনে জলমহালের ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৩। এ সংক্রান্তে ভূমি মন্ত্রণালয় থেকে গত ১০/০২/২০২২ তারিখে ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৩২ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনটি বাতিল করা হলো।

২৭/২/২২
মোঃ সোন্দুফিজুর রহমান পিএএ
সচিব
ভূমি মন্ত্রণালয়।



১০ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২২খ্রিষ্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)- /১(১০০০)

তারিখ:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, ভূমি আগীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০৬। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ০৭। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ।
- ০৮। অতিরিক্ত সচিব (আইন/উন্নয়ন/প্রশাসন/মাঠ প্রশাসন/অধিগ্রহণ), ভূমি মন্ত্রণালয়।
- ০৯। পরিচালক, (যুগ্মসচিব) ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ, নীলক্ষেত্র, কাটাবন ঢাল, ঢাকা।
- ১০। জেলা প্রশাসক, (সকল)।
- ১১। মানবীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (পরিপত্রাটি বাংলাদেশ গেজেটের পরবর্তী/বিশেষ সংখ্যায় দ্রুত প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সিস্টেম এনালিষ্ট, ভূমি মন্ত্রণালয় (পরিপত্রাটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
- ১৬। সহকারী কমিশনার (ভূমি), (সকল)।
- ১৭। অফিস কপি / মাস্টার কপি।

মোঃ তাজুল ইসলাম মিয়া

উপসচিব

১০/২/২২